

বিপ্লব
৪৩

ইউজিসিতে নতুন চার সদস্য নিয়োগ

যাযাবদি রিপোর্ট

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে (ইউজিসি) নতুন চার সদস্য নিয়োগ দেয়া হয়েছে। আগামী ১৫ আগস্ট বিকাল থেকে তাদের এ নিয়োগ কার্যকর হবে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

নতুন নিয়োগপ্রাপ্ত সদস্যরা হলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির অধ্যাপক ড. আছল ইসলাম, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞানের অধ্যাপক ড. জিহাদুল করিম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের অধ্যাপক ড. আমেনা বেগম ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রসবিজ্ঞানের অধ্যাপক ড. আবদুল হাকিম।

নাম প্রকাশে অনিচ্ছুক ইউজিসির সাবেক এক সদস্য বলেন, বর্তমান সরকার নিরপেক্ষতার অভ্যুত তুলে সদস্যদের পদত্যাগ করলেও বর্তমান সদস্য নিয়োগ নিরপেক্ষ নয়। বর্তমানে নিয়োগপ্রাপ্ত সদস্যরা নিরপেক্ষ নন।

নতুন চার সদস্য নিয়োগের বিষয়ে ইউজিসির চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম বলেন, পদত্যাগ করা চার সদস্যের স্থলে নতুন চারজন আসবেন। নতুন ভাবে কাদের নিয়োগ দেয়া হয়েছে তা আমি জানি না। প্রজ্ঞাপন জারি হলে কমলকে জানতে পারবো।

নতুন ভাবে নিয়োগ পাওয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের অধ্যাপক

ড. আমেনা বেগম বলেন, অফিশিয়ালি আমি এখনো এ বিষয়ে কিছু জানি না।

তত্ত্বাবধায়ক সরকার আসার পর ইউজিসিতে সংস্কার শুরু হয়েছে। চেয়ারম্যান নজরুল ইসলামকে নিয়োগ দেয়ার পর থেকেই অন্য সদস্যদের বদলির গুঞ্জন শোনা যাচ্ছিল। এ কারণে ইউজিসির কার্যক্রমও অনেকটা স্থবির হয়ে পড়েছিল। ৩০ আগস্ট শিক্ষা সচিব এম মোমতাজুল ইসলাম ইউজিসির চার সদস্যকে পদত্যাগের অনুরোধ জানিয়ে ফোন করেন। এর পরদিন চারজনের মধ্যে প্রফেসর ড. ফাইসুল ইসলাম ফারুকী পদত্যাগপত্র জমা দেন। প্রজ্ঞাপনে তার পদত্যাগপত্র গ্রহণ করা হয়েছে ৩১ আগস্ট থেকে। আর বাকি তিন সদস্য প্রফেসর ড. এম মাহবুব উল্লাহ, প্রফেসর ড. মোঃ মুলতান হোসেন ও প্রফেসর তারেক শামসুর রেহমান তাদের বিষয়টি পুনর্বিবেচনার জন্য শিক্ষা উপদেষ্টা বরাবর আবেদন করেন। উপদেষ্টা ১ আগস্ট তাদের ডেকে পাঠান এবং পদত্যাগ করতে বলেন। তারা সেদিনই পদত্যাগপত্র জমা দেন। তাদের পদত্যাগপত্র ১৫ আগস্ট থেকে কার্যকর করা হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়। জোট সরকারের আমলে নিয়োগ পাওয়ার জন্যই তাদের মেয়াদ শেষ হওয়ার আগেই পদ ছেড়ে দিতে হয়েছিল। বর্তমানে নিয়োগপ্রাপ্তদের আগামী চার বছরের জন্য নিয়োগ দেয়া হয়েছে।